

## ■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০৩৩

৩০/ সৎ ব্যবহার ও সম্পর্ক রক্ষা (كتاب البر والصلة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ রূদ্ধবাক হওয়া।

بَابٌ مَا جَاءَ فِي الْعِيْ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنْيَعٍ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، عَنْ أَبِي غَسَانَ، مُحَمَّدٌ بْنٌ مُطَرِّفٌ عَنْ حَسَانَ بْنِ عَطِيَّةَ، عَنْ أَبِي أُمَامَةَ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "الْحَيَاءُ وَالْعِيْ شُعْبَتَانِ مِنَ الْإِيمَانِ وَالْبَذَاءُ وَالْبَيَانُ شُعْبَتَانِ مِنَ النِّفَاقِ" . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ إِنَّمَا نَعْرِفُهُ مِنْ حَدِيثِ أَبِي غَسَانَ مُحَمَّدٌ بْنٌ مُطَرِّفٌ . قَالَ وَالْعِيْ قِلَّةُ الْكَلَامِ وَالْبَذَاءُ هُوَ الْفُحْشُ فِي الْكَلَامِ وَالْبَيَانُ هُوَ كَثْرَةُ الْكَلَامِ مِثْلُ هَوْلَاءِ الْخُطَبَاءِ الَّذِينَ يَخْطُبُونَ فَيُؤْسَعُونَ فِي الْكَلَامِ وَيَتَفَصَّلُونَ فِيهِ مِنْ مَدْحِ النَّاسِ فِيمَا لَا يُرْضِي اللَّهَ .

বাংলা

২০৩৩. আহমাদ ইবন মানী' (রহঃ) ..... আবু উমামা রাদিয়াল্লাহু আনহু সুত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। তিনি বলেছেনঃ লজাশীলতা এবং রূদ্ধবাক হওয়া ঈমানের দুটি শাখা। অশীলতা (লজাহীনতা) ও বাক্যবাগিশ হওয়া মুনাফেকীর দুটি শাখা। সহীহ, ঈমান ইবনু আবী শাইবা ১১৮, মিশকাত, তাহকীক ছানী ৪৭৯৬, তিরমিজী হাদিস নম্বরঃ ২০২৭ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-গারীব। আবু গাসসান মুহাম্মদ ইবন মুতাররিফ (রহঃ) সুন্দরেই কেবল হাদীসটি সম্পর্কে আমরা জানি। ইমাম তিরমিয়ী (রহঃ) বলেনঃ **الْعِيْ** অর্থ স্বল্পবাক, **الْبَذَاءُ** অর্থ অশীল কথাবার্তা। **الْبَيَانُ** অর্থ বেশী কথা বলা, বাক্যবাগিশ হওয়া যেমন এই যে (আজকাল কার) বক্তারা বক্তৃতা দেয় আর কথাকে এত বিস্তৃত করে এবং ব্যক্তি বিশেষের প্রশংসায় এত পঞ্চমুখ হয়ে উঠে যে আল্লাহ তাতে সন্তুষ্ট থাকেন না।

**English**

Abu Umamah narrated that the Messenger of Allah (s.A.W) said:  
 "Al-Haya' and Al-'Iy are two branches of faith, and Al-Badha and Al-Bayan are

two branches of Hypocrisy."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু উমামাহ্ বাহলী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37388>

 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন